

স্মারক নং- ০৫.৪১.৩৩৩০.০০০.৬৩.০০১.২৩- ২২৭

তারিখ : ১৯ ফাল্গুন ১৪২৯  
০২ মার্চ ২০২৩

বাংলা ১৪৩০ সালের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (২য় পর্যায়)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০০.০০০০.০০২.০১.০০২.১১-৮৭০ নং স্মারকমূলে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা এর আলোকে গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলাধীন ০৭(সাত) টি হাট-বাজার বাংলা ১৪৩০ সনের জন্য এক বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত শর্ত সাপেক্ষে আত্রহী দরপত্র দাতাগণের নিকট হতে বদ্ধখামে দরপত্র আহ্বান করা হয়েছিল। নিম্নোক্ত হাট বাজার সমূহের কোন দরপত্র পাওয়া না যাওয়ায় ২য় পর্যায় পুনরায় দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী উল্লেখিত স্থানে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন ০২.০০টা পর্যন্ত জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাজীপুর সদর, গাজীপুর এবং সহকারী কমিশনার (ভূমি), গাজীপুর সদর, গাজীপুর এর কার্যালয়ে দরপত্র রক্ষিত বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই উল্লেখিত সময়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। সরকারি ইজারা মূল্যের চেয়ে নিম্ন দর পাওয়া গেলে কিংবা নীতিমালা অনুযায়ী কাঙ্খিত দর পাওয়া না গেলে নিম্নোক্ত তফসিলে বর্ণিত তারিখসমূহের পর্যায়ক্রমে বর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। তবে দরপত্র দাখিলের তারিখে কাঙ্খিত ইজারা মূল্য পাওয়া গেলে পরবর্তী তারিখে সংশ্লিষ্ট হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য, দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না এবং এক পর্যায়ের/হাট-বাজারের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ের/হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

দরপত্র ক্রয়, দাখিল ও দরপত্র বাক্স খোলার সময়সূচীঃ

পর্যায়	দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	দরপত্র দাখিলের স্থান
২য়	০৮/০৩/২০২৩ খ্রিঃ ২৩ ফাল্গুন ১৪২৯ বাং অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৯/০৩/২০২৩ খ্রিঃ ২৪ ফাল্গুন ১৪২৯ বাং দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত	০৯/০৩/২০২৩ খ্রিঃ ২৪ ফাল্গুন ১৪২৯ বাং বিকাল ৩.৩০ ঘটিকা	(ক) জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (স্থানীয় সরকার শাখা)। (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাজীপুর সদর, গাজীপুর। (গ) সহকারী কমিশনার (ভূমি), গাজীপুর সদর, গাজীপুর-এর কার্যালয়।

হাট-বাজারের বিবরণ

ক্রঃ নং	হাটবাজারের নাম	হাট বাজারের অবস্থান	সরকারি ইজারা মূল্য	দরপত্র সিডিউলের মূল্য
১	২	৩	৪	৫
১	পিরুজালী ফকিরবাড়ি বাজার	পিরুজালী ইউনিয়ন	৯,১৮,৩১৪/-	২,৬০০/-
২	পিরুজালী হাটখোলা বাজার	পিরুজালী ইউনিয়ন	৬৩,৫৪৭/-	৫০০/-
৩	কুমুন বাজার	বাড়িয়া ইউনিয়ন	১৭,১৩৭/-	৫০০/-

শর্তাবলিঃ

১। দরপত্র দাতা কর্তৃক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে, উপজেলা ভূমি অফিস, গাজীপুর সদর এবং জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের কার্যালয়ে অফেরতযোগ্য নির্ধারিত অর্থ জমা প্রদানপূর্বক দরপত্র সিডিউল এবং ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্য সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল বিক্রয় এবং জমা দেয়ার নির্ধারিত তারিখ ও সময় ব্যতীত কোন দরপত্র সিডিউল বিক্রি অথবা গ্রহণ করা হবে না।

২। বাংলা ১৪৩০, ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

৩। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যর্পণ করা হবে।

৪। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট(মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩(তিন) বছরের গড় ইজারামূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বছরের গড় (সরকারি মূল্য) ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।


৬। এক বাজারের ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্যদফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

(চলমান পাতা -২)

৪



- ৭। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।
- ৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হইলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


  
 সৈয়দ মোরাদ আলী  
 উপজেলা নির্বাহী অফিসার  
 গাজীপুর সদর, গাজীপুর  
 ফোন: ৯২০৪৮৬৩  
 Email: unogazipur@gmail.com

স্মারক নং- ০৫.৪১.৩৩৩০.০০০.৬৩.০০১.২৩-১২৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৯  
০২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, গাজীপুর।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব), গাজীপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর/শ্রীপুর/কালিগঞ্জ/কাপাসিয়া, গাজীপুর।
- ৫। সহকারী কমিশনার(ভূমি), গাজীপুর সদর, গাজীপুর। তাঁকে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণের মাধ্যমে বিজ্ঞপ্তি হাটবাজার সমূহে মাইক/টোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস/ পোস্ট অফিস/ সাব রেজিষ্টার অফিস, গাজীপুর সদর, গাজীপুর [নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের জন্য]
- ৭। উপজেলা.....অফিসার, গাজীপুর সদর, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জয়দেবপুর থানা/পুলিশ ফাড়ি, আমতলী, বাড়িয়া ইউনিয়ন পরিষদ, গাজীপুর।
- ৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কোর্ট বিল্ডিং শাখা/উপজেলা কমপ্লেক্স শাখা, গাজীপুর।
- ১০। চেয়ারম্যান, বাড়ীয়া/মির্জাপুর/ ভাওয়ালগড়/পিরজলী ইউ,পি, গাজীপুর সদর, গাজীপুর। তাঁকে হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞপ্তি টোলসহরতের মাধ্যমে তাঁর ইউনিয়নের হাট-বাজারে এবং জনবহুল স্থানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বাড়ীয়া/মির্জাপুর ইউনিয়ন ভূমি অফিস, গাজীপুর সদর, গাজীপুর। তাঁকে হাট বাজার ইজারা প্রদানের বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট হাট-বাজার/জনবহুল স্থানে টোলসহরত এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ নির্ধারিত তারিখের পূর্বেই এস.আর ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
- ১২। সভাপতি/সম্পাদক,.....হাট-বাজার কমিটি, গাজীপুর সদর, গাজীপুর।
- ১৩। জনাব.....ইজারাদার,.....বাজার, গাজীপুর সদর, গাজীপুর।
- ১৪। সহকারী প্রোগ্রামার, গাজীপুর সদর, গাজীপুর। [ওয়েব পোর্টালে প্রকাশের জন্য]
- ১৫। উপজেলা পরিষদ নোটিশ বোর্ড, গাজীপুর সদর, গাজীপুর।
- ১৬। অফিস কপি।

  
 উপজেলা নির্বাহী অফিসার  
 গাজীপুর সদর, গাজীপুর